



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বগুড়া।
www.rda.gov.bd



পোস্টগ্রাজুয়েট ডিপ্লোমা ইন রুরাল ডেভেলপমেন্ট (পিজিডিআরডি) প্রোগ্রামের অষ্টম ব্যাচের অটাম টার্মের

ভর্তি বিজ্ঞপ্তি

পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বগুড়া এবং গাজীপুর কৃষি বিশ্ববিদ্যালয়, গাজীপুর-এর যৌথ উদ্যোগে পরিচালিত এক বছর মেয়াদি পোস্টগ্রাজুয়েট ডিপ্লোমা ইন রুরাল ডেভেলপমেন্ট (Postgraduate Diploma in Rural Development) প্রোগ্রামের অষ্টম ব্যাচের অটাম টার্মে শিক্ষার্থী ভর্তি করা হবে। কর্মসূচিটি সম্পূর্ণ আবাসিক।

শিক্ষাগত যোগ্যতা

- প্রার্থীদের অবশ্যই স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় হতে ন্যূনতম স্নাতক ডিগ্রিধারী হতে হবে।

আবেদনের নিয়ম

- প্রার্থীকে নির্ধারিত সময়ের মধ্যে আরডিএ ওয়েবসাইট (www.rda.gov.bd) দেয়া নির্ধারিত ফর্মে আবেদন করতে হবে। আবেদনপত্রটি নির্ধারিত সময়ের মধ্যে নিম্নে উল্লেখিত প্রয়োজনীয় কাগজপত্র ও পে-অর্ডারসহ পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়ায় অবস্থিত "পিজিডিআরডি সচিবালয়", কক্ষ নং ৫১০ (৫ম তলা), অনুষদ ভবন ২-এ সরাসরি বা ডাক মারফৎ জমা দিতে হবে।
- আবেদনের সাথে মহাপরিচালক, পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া বরাবর ২০০/- (দুইশত) টাকা মূল্যমানের পে-অর্ডার জমা দিতে হবে।
- আবেদনপত্রের সাথে প্রথম শ্রেণির সরকারি গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত নিম্নোক্ত কাগজপত্রাদির ফটোকপি দাখিল করতে হবে।
 - এসএসসি, এইচএসসি ও স্নাতক পাসের সনদপত্র ও মার্কশিট
 - ইউনিয়ন পরিষদ/পৌরসভা/ সিটি কর্পোরেশন কর্তৃক নাগরিকত্বের সনদপত্র
 - সর্বশেষ অধ্যয়নকৃত শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের নিকট হতে প্রাপ্ত চারিত্রিক সনদপত্র
 - জাতীয় পরিচয়পত্র
- দুই কপি পাসপোর্ট আকারের সত্যায়িত রঙিন ছবি।
- চাকুরিরত প্রার্থীদের যথার্থ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। নির্ধারিত সময়ের পরে প্রাপ্ত আবেদন গ্রহণ করা হবে না। অসম্পূর্ণ, ত্রুটিযুক্ত ও ভুল তথ্যাদি সন্নিবেশিত আবেদন বাতিল বলে গণ্য হবে।
- বিস্তারিত তথ্যের জন্য ০১৭৬১-৩৮৭৯২৮ অথবা ০১৬৭২-৩৯৯৭৫০ নম্বরে যোগাযোগ করুন।

উল্লেখ্য, ভাল ফলাফলের ভিত্তিতে মেধাবী শিক্ষার্থীদের বৃত্তি প্রদানের ব্যবস্থা থাকবে।

১. আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্রাদি জমাদানের শেষ তারিখ	:	২০ জুলাই, ২০২৫ (রবিবার)
২. নির্বাচনী পরীক্ষা	:	২২ জুলাই, ২০২৫ (মঙ্গলবার)
৩. নির্বাচিত শিক্ষার্থীদের তালিকা প্রকাশ	:	২৩ জুলাই, ২০২৫ (বুধবার)
৪. ভর্তি শুরু	:	২৪ জুলাই, ২০২৫ (বৃহস্পতিবার)
৫. ভর্তির শেষ তারিখ	:	৩১ জুলাই, ২০২৫ (বৃহস্পতিবার)
৬. ওরিয়েন্টেশন ওয়ার্কশপ	:	০৩ আগস্ট, ২০২৫ (রবিবার)
৭. ক্লাস শুরু	:	০৪ আগস্ট, ২০২৫ (সোমবার)

(ড. এ, কে, এম অলি উল্যা)
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বগুড়া।